

তারিখঃ ০৬/০৩/২০২২খ্রিঃ তারিখে উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী নিম্নরূপ :

সভাপতি : জনাব মোছাঃ রোকেয়া বেগম

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

সভার স্থান : উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, পাংশা, রাজবাড়ী।

সভার তারিখ : ০৬/০৩/২০২২খ্রিঃ

বেলা : ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা সংরক্ষিত।

অধ্যকার সভায় সভাপতিত্ব করেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ রোকেয়া বেগম। সভার শুরুতে তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার সভাপতির অনুমতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন এবং উহাতে কারও আপত্তি না থাকায় উহার সিদ্ধান্তসমূহ সর্ব সম্মতিক্রমে গৃহিত হয়।

উপজেলা কৃষি অফিসার জানান যে, রাজবাড়ী জেলাকে সরকার পৈঁয়াজ উৎপাদনের জন্য গুরুত্বপূর্ণ জেলা হিসাবে ঘোষণা করেছে এবং রাজবাড়ী জেলায় গত বছরের তুলনায় এবার ২০ শতাংশ পৈঁয়াজ আবাদ বৃদ্ধির লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়েছে। তিনি আরও জানান যে, ৮৮৬০ হেঃ জমিতে পৈঁয়াজ আবাদ হয়েছিল কিন্তু ২০২১-২২ অর্থ বছরে ১০৩৮৮ হেঃ জমিতে পৈঁয়াজ আবাদ হয়েছে যা পূর্বে বছরের তুলনায় ১৫২৮ হেঃ বেশি। বর্তমানে জমিতে সেচ প্রদান কার্যক্রম পানির স্তর নিচে নেমে যাওয়ার কারণে ব্যাহত হচ্ছে। এব্যাপারে তিনি উপজেলার সকল জনপ্রতিনিধি, উপজেলা নির্বাহী অফিসার, বিএডিসি সেচ সকলের সহযোগিতা কামনা করেন।

মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ রোকেয়া বেগম বলেন যে, পৈঁয়াজ আমাদের পাংশার প্রধান অর্থকরী ফসল সে জন্য পৈঁয়াজের উৎপাদন যাতে বাঁধাগ্রস্থ না হয় সে ব্যাপারে আমাদের সকলের সদয় দৃষ্টি রাখা একান্ত প্রয়োজন।

সিদ্ধান্ত : ০১ঃ- উপসহকারী কৃষি কর্মকর্তা গণ সার্বক্ষনিক মাঠে থেকে কৃষকদের পরামর্শ প্রদান করবেন।

০৩ঃ- বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং প্রদর্শনীর ফসলসহ সকল ফসলের উৎপাদন নিশ্চিত করতে যথাযথ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোছাঃ রোকেয়া বেগম

মহিলা ভাইস চেয়ারম্যান

ও


সভাপতি উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটি
পাংশা, রাজবাড়ী

স্মারক নং- ১১৬

তারিখ : ৬/০৩/২০১২ খ্রি,

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৩) উপজেলা.....অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৪) চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৫) অফিস নথি


০৬.০৩.১২

রতন কুমার ঘোষ
উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব, কৃষি ও সেচ স্থায়ী কমিটি
পাংশা, রাজবাড়ী।